বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৪২

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭০৭ তম কমিশন সভা অদ্য ২১/১১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশনের এসআরএমআইসি বিভাগের পর্যবেক্ষণের ভিত্তিতে আলহাজ্ব টেক্সটাইল মিলস্ লিমিটেড (ইস্যুয়ার) এর পরিচালক জনাব মো: সামসুল হুদা এবং ANF Management Co. Ltd (DSE TREC No. 117) (জনাব মো: সামসুল হুদার মালিকানাধীন কোম্পানী) এর বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে আলহাজ্ব টেক্সটাইল মিলস লি: এর পরিচালক জনাব মো: সামসুল হুদা যথাক্রমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখঃ July 14, 2010, SEC/CMRRCD/2009-193/119/Admin/34 তারিখঃ November 22, 2011 (অনুরূপ নোটিফিকেশন নং- BSEC/CMRRCD/2009-193/217/Admin/90 তারিখঃ May 21, 2019) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪, উপ-বিধি (১) ও (২) ভঙ্গ করেছেন। উপর্যুক্ত আইন ভঙ্গের দায়ে জনাব মো: সামসুল হুদা-কে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা জরিমানা করা হয়।

(খ) ANF Management Co. Ltd. (DSE TREC No. 117) কর্তৃক জনাব মো: সামসুল হুদা-এর (আলহাজ্ব টেক্সটাইল মিলস লি: এর পরিচালক থাকাকালীন) পূর্ব ঘোষণা ছাড়া ১,৪৫,৭২৮ টি শেয়ার বিক্রিতে সহযোগিতা করা হয়েছে এবং জনাব মো: সামসুল হুদা একইসাথে ANF Management Co. Ltd. এর ব্যবস্থাপনা পরিচালক। ANF Management Co. Ltd. এ ধরনের কর্মকান্ডের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(ccc) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিদের জন্য পালনীয় আচরণ বিধি ভঙ্গ করেছেন। উপর্যুক্ত আইন ভঙ্গের দায়ে অদ্যকার সভায় ANF Management Co. Ltd. -কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হয়।

(গ) আলহাজ্ব টেক্সটাইল মিলস লি: এর বিরুদ্ধে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গের অভিযোগ প্রমাণিত না হওয়ায় সভায় আলহাজ্ব টেক্সটাইল মিলস লি:-কে বর্ণিত অভিযোগ থেকে অব্যহতি দেয়া হয়।

(ঘ) এছাড়াও, আলহাজ্ব টেক্সটাইল মিলস্ লি: এর শেয়ার লেনদেনের ক্ষেত্রে বাধ্যতামূলক "স্পট মার্কেট"এ লেনদেনের আদেশ প্রত্যাহার এর সিদ্ধান্ত হয়।

২. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধন প্রস্তাব কিছু পরিবর্তন সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদিত হয়। এই সংশোধনীর ফলে কোন মার্চেন্ট ব্যাংকার ইস্যু ব্যবস্থাপক হিসাবে সেই মার্চেন্ট ব্যাংকার বা তার ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা যে কোম্পানির ইস্যুর ব্যবস্থাপনায় নিয়োজিত থাকবে, সে কোম্পানির সিকিউরিটিজ ব্যতীত অন্য কোম্পানির সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করতে পারবেন।

২১/১১/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।